



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১ তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
(www.bkkb.gov.bd)

জটিল ও ব্যয়বহুল রোগের সেবা প্রদান পদ্ধতি

সেবাপ্রার্থীর ক্যাটাগরি:

কর্মরত সরকারি কর্মকর্তা, কর্মচারীর নিজে কোন জটিল রোগে আক্রান্ত হয়ে চিকিৎসা করলে জটিল ও ব্যয়বহুল রোগের দেশে বিদেশে চিকিৎসা সাহায্য তহবিল হতে চাকরি জীবনে এক বা একাধিকবারে সর্বোচ্চ ২ (দুই) লাখ টাকা আর্থিক সাহায্য প্রদান করা হয়। [১ জুলাই, ২০১৯ এর পূর্বের চিকিৎসার জন্য সর্বোচ্চ ১ লাখ টাকা এবং ১ জুলাই, ২০১৯ এর পরবর্তী সময়ে চিকিৎসার জন্য সর্বোচ্চ ২ লাখ টাকা প্রদান করা হয়]

সেবার মৌলিক তথ্যাবলী:

সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা	২টি কমিটি কর্তৃক পরীক্ষা নিরীক্ষা করে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়। কমিটি ২টি নিম্নরূপ: ১. বাছাই কমিটি ২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব এর সভাপতিত্বে অনুষ্ঠিত ব্যবস্থাপনা কমিটির সভায় চূড়ান্ত অনুমোদন	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।	৩০ কার্যদিবস
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	১. আবেদনসমূহ প্রাপ্তির পর সফটওয়্যারে এন্ট্রি করে তালিকা তৈরি এবং SMS এর মাধ্যমে আবেদনের ডিজিটাল ডায়রি নম্বর, তারিখ ও আবেদনে কোন ত্রুটি থাকলে তা জানিয়ে দেয়া হয়; ২. প্রতিটি মাসের প্রাপ্ত মোট আবেদন একটি লটে অর্গভুক্ত করে বাছাই কমিটির সভায় উপস্থাপন করা হয়। বাছাই কমিটি রোগের ধরন ও খরচের বিষয়টি বিবেচনায় অর্থমঞ্জুরির সুপারিশ করে ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করে থাকে; ৩. পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ব্যবস্থাপনা		

	<p>কমিটির সভায় চূড়ান্ত অর্থ মঞ্জুরি প্রদান করা হয় এবং SMS এর মাধ্যমে মঞ্জুরিকৃত অর্থের পরিমাণ জানিয়ে দেয়া হয়</p> <p>৬. সেবাপ্রার্থীর নামে মঞ্জুরিকৃত অর্থ সেবাপ্রার্থীর ব্যাংক হিসাবে EFT এর মাধ্যমে পৌঁছে দেয়া হয় এবং অগ্রায়নপত্রের মাধ্যমে এডভাইস লেটার জনতা ব্যাংকে প্রেরণ করা হয়</p> <p>৭. এ সংক্রান্ত সকল তথ্য বোর্ডের ওয়েবসাইট (www.bkkb.gov.bd) থেকে জানা যায়</p>
সেবা প্রাপ্তির শর্তাবলি	<p>১. নির্ধারিত আবেদন ফরম নং ০৮ পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রতিস্বাক্ষর করে সংযুক্ত করে মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ১ম ১২তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা বরাবরে একটি ফরওয়ার্ডিং চিঠির মাধ্যমে প্রেরণ করতে হয়;</p> <p>২. কর্মরত সরকারি কর্মকর্তা, কর্মচারীর নিজের চিকিৎসার জন্য চাকরি জীবনে এক বা একাধিকবারে সর্বোচ্চ ২ (দুই) লাখ টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়;</p> <p>৩. ফরমের নির্ধারিত স্থানে বিশেষজ্ঞ ডাক্তার কর্তৃক প্রত্যয়ন এবং কর্মকর্তা কর্মচারীর অফিস কর্তৃপক্ষের স্বাক্ষরসহ নামযুক্ত সিল প্রদান;</p> <p>৪. জটিল ও ব্যয়বহুল রোগঃ হার্ট স্ট্রোক, ব্রেইন স্ট্রোক, বাইপাস সার্জারী, হার্টে রিং পড়ানো, ক্যান্সার, কিডনী ডায়ালাইসিস, কিডনী ট্রান্সফার, মারাত্মক দুর্ঘটনাজনিত কারণে অঙ্গহানি।</p>
প্রয়োজনীয় কাগজপত্র	<p>১. হাসপাতালে ভর্তি হয়ে থাকলে মূল ছাড়পত্র (অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত);</p> <p>২. চিকিৎসা সংক্রান্ত বিল ভাউচার এর মূলকপি (অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত);</p> <p>৩. চিকিৎসা সংক্রান্ত ব্যবস্থাপত্র ও রিপোর্ট (অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত);</p> <p>৪. চিকিৎসা সংক্রান্ত খরচের হিসাববিবরণী (কর্মচারীর স্বাক্ষর সহ);</p> <p>৫. জাতীয় বেতনস্কেল, ২০১৫-এ বেতননির্ধারণ (Payfixation) ফরমের সত্যায়িত ফটোকপি;</p>
প্রয়োজনীয় ফি/ ট্যাক্স/ আনুষংগিক খরচ	এজন্য কোন ফি প্রয়োজন হয় না
সংশ্লিষ্ট আইন-কানুন/ বিধি-বিধান/ নীতিমালা	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ এবং বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (তহবিলসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ) বিধিমালা ২০০৬ এবং সংশোধিত বিধিমালা, ২০২১ অনুযায়ী
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	পরিচালক(প্রশাসন)/মহাপরিচালক